দৈনিক বাংলা

তারিখ 06 JAN 1990
পৃষ্ঠা ৭ কলাম ২

02

# নকলের আশায় ছাত্ররা গ্রামে যাচ্ছে

(নিজস্ব সংবাদদাতা)

সাতক্ষীরা, ৪ঠা জনুয়ারী।– মাধ্যমিক পরীক্ষায় নকলের আশায় সাতক্ষীরা সদর উপজেলা বেশির ভাগ স্কুল থেকে ছাত্ররা মফঃস্বল কেন্দ্রে চলে যাচ্ছে। একশ্রেণীর অসাধু শিক্ষক ও বোর্ডের একশ্রেনীর কর্মচারীর বিরুদ্ধে এ কাজে সহায়তা করার অভিযোগ উঠেছে।

জানা গেছে, ১৯৯০ সালের মাধ্যমিক পরীক্ষায় কড়াকড়ি, ভয়ে ছাত্ররা সাতক্ষীরা জেলা সদর কেন্দ্র ছেড়ে একই জেলার অথবা ভিন্ন জেলার মফঃস্বল কেন্দ্র বেছে নিয়েছে। এসব কেন্দ্রের বিভিন্ন বিদ্যালয় কর্তৃপক্ষ অতিরিক্ত অর্থের বিনিময়ে তাদের ভর্তি করছে। পূর্বেই বোর্ডে পাঠানো সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকার সাথে তারা এসব ছাত্রের নাম জুড়ে দিচ্ছে। পূর্ববর্তী বিদ্যালয় নিবন্ধন কার্ড দিতে অস্বীকৃতি জানালে বোর্ডের অসাধু কর্মচারীদের সহাতায় জাল নিবন্ধন কার্ড তৈরি করা হচ্ছে।

গত বছরের গোড়ার দিকে সদর উপজেলার বিভিন্ন বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রদের শতকরা পঞ্চাশ জন নির্বাচনী পরীক্ষার আগেই অন্যত্র চলে গেছে। এছাড়া নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য ছাত্রছাত্রীরাও একই পথ অনুসরণ করেছে।

অভিযোগে প্রকাশ, সাতক্ষীরা সদর উপজেলার স্কুলছুট অনেক ছাত্রকে খুলনার পাইকগাছাও কপিলমুনি কেন্দ্রের অধীন বিভিন্ন বিদ্যালয় ও তালা উপজেলার মুহন্দী বিদ্যালয় ও যশোরের কেশ পুর কেন্দ্রের মহাদেবপুর বিদ্যালয় ভর্তি করা হয়েছে। এসব ছাত্রের কাছ থেকে মাথাপিছু তিন থেকে চার হাজার টাকাও আদায় করা হয়েছে।

সাতক্ষীর প্রধান শিক্ষকগন এ ব্যাপারে বোর্ডের উর্ধতন কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেছেন। আগামী মে মাসে অনুষ্ঠিত পরীক্ষার আগেই এসব বিষয়টি তদন্ত করার অনুরোধ জাণোণ হয়েছে।